

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৫২২.১২৫.২৬.২০১৯.৮১

তারিখ: ১২ ভাদ্র ১৪২৬  
২৭ আগস্ট ২০১৯

পরিপত্র

**বিষয়: কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান ও সমন্বয় সাধনের লক্ষ্যে সমগ্র বাংলাদেশে জেলা পর্যায়ে কেস কো-অর্ডিনেশন কমিটি গঠন।**

ফৌজদারি মামলায় দীর্ঘদিন আটক কারাবন্দিদের দ্রুত বিচার নিষ্পত্তির নিমিত্তে তাদের আইনগত সহায়তা প্রদান ও জেলা পর্যায়ে ফৌজদারি বিচার ব্যবস্থার সংশ্লিষ্ট সকল বিভাগের কাজের সমন্বয় সাধনের লক্ষ্যে নিম্নোক্ত কেস কো-অর্ডিনেশন কমিটি (সিসিসি) গঠন করা হলো:

১.১) কেস কো-অর্ডিনেশন কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১।	বিজ্ঞ জেলা ও দায়রা জজ	যুগ্ম-সভাপতি
২।	বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট	যুগ্ম-সভাপতি
৩।	বিজ্ঞ মহানগর দায়রা জজ (মহানগর এলাকায়)	সদস্য
৪।	বিজ্ঞ বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল (একের অধিক হলে জ্যেষ্ঠ বিচারক)	সদস্য
৫।	চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (মহানগর এলাকায়)	সদস্য
৬।	চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট	সদস্য
৭।	পরিচালক, সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল	সদস্য
৮।	রিজিওনাল কমান্ডার/সেক্টর কমান্ডার, বিজিবি	সদস্য
৯।	পুলিশ সুপার	সদস্য
১০।	একজন ডেপুটি পুলিশ কমিশনার (পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত) (মহানগর এলাকায়)	সদস্য
১১।	ডিসি প্রসিকিউশন (মহানগর এলাকায়)	সদস্য
১২।	সিভিল সার্জন	সদস্য
১৩।	উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ (ডিডিএলজি)	সদস্য
১৪।	জেলা লিগ্যাল এইড অফিসার	সদস্য
১৫।	সভাপতি, জেলা আইনজীবী সমিতি	সদস্য
১৬।	বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর	সদস্য
১৭।	বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, মহানগর দায়রা জজ আদালত (মহানগর এলাকায়)	সদস্য
১৮।	বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল	সদস্য
১৯।	উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	সদস্য
২০।	উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
২১।	উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
২২।	জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি	সদস্য
২৩।	প্রতিনিধি, কমিউনিটি পুলিশ ফোরাম	সদস্য
২৪।	সিনিয়র জেলসুপার/জেলসুপার	সদস্য
২৫।	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট	সদস্য-সচিব

## ১.২) কমিটির কার্যপরিধি:

- ক) বিজ্ঞ জেলা ও দায়রা জজ এবং বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট উক্ত কমিটিতে যুগ্মভাবে সভাপতির দায়িত্ব পালন করবেন এবং প্রতি মাসে পর্যায়ক্রমে নিজ দপ্তরে সভা আয়োজন করবেন;
- খ) ফৌজদারি বিচার ব্যবস্থায় স্থানীয় সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং সেই আলোকে স্থানীয়ভাবে তার সমাধানের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ;
- গ) দীর্ঘমেয়াদি পেন্ডিং মামলাসমূহ পর্যালোচনাপূর্বক দ্রুত নিষ্পত্তিতে যথাযথ সহযোগিতা প্রদান;
- ঘ) মামলা নিষ্পত্তির অগ্রগতি ত্বরান্বিত করা;
- ঙ) ফৌজদারি বিচার ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট সকল সংস্থার কার্যকর সমন্বয় সাধন;
- চ) বিনা বিচারে দীর্ঘদিন আটক কারাবন্দিদের আইনের আলোকে মুক্তির লক্ষ্যে আইনানুগ পদক্ষেপ গ্রহণ;
- ছ) কারাগারসমূহের ব্যবস্থাপনা মূল্যায়ন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- জ) সংশ্লিষ্ট কারাবন্দিদের স্বাস্থ্যের বিভিন্ন বিষয়ে তার পরিবারের নিকট খবরাখবর পৌঁছানো এবং প্রয়োজনে ভিডিও কলের মাধ্যমে তাদের সঙ্গে যোগসূত্র স্থাপন;
- ঝ) কারাবন্দিদের জেল হতে মুক্তির পর পরিবারে ও সমাজে সম্পৃক্তকরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকির ব্যবস্থাকরণ;
- ঞ) পুনর্বাসন এর মাধ্যমে সমাজে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে কারাবন্দিদের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- ট) কারাবন্দিদের জীবনমুখী কর্মসংস্থান সৃষ্টির ব্যবস্থা করা এবং প্রয়োজনে আর্থিক ঋণের ব্যবস্থা করা;
- ঠ) জামিনে মুক্ত আসামি যেন ঐ একই অপরাধে পুনরায় জড়িয়ে না পড়ে সেজন্য তাদের পেশার প্রতি নজরদারি ও তদারকি বৃদ্ধি করাসহ সমাজের সকল মহলের সহযোগিতা বৃদ্ধি করা;
- ড) মাদকের প্রতি আসক্তি প্রতিরোধে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনা করা;
- ঢ) ভাল ব্যবহারের প্রতি আর্কষণীয় করে তোলা, নৈতিকতা ও মূল্যবোধ সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরনের সচেতনতামূলক কার্যক্রমে সম্পৃক্ত করা;
- ণ) কারাবন্দিদের নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে ধারণা প্রদানের মাধ্যমে আত্মমর্যাদা বৃদ্ধি ও আত্মবিশ্বাসী করে গড়ে তুলে তাকে সমাজে পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য বিভিন্ন উপায় গ্রহণ;
- ত) আদালতসমূহে আসামি ও সাক্ষীদের হাজিরা নিশ্চিতকরণ ও মামলা দ্রুত নিষ্পত্তিতে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ;
- থ) উক্ত কমিটির পরামর্শ অনুযায়ী জেলখানা পরিদর্শন কমিটি জেলখানা পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং একই দিনে সিসিসি সভায় এ বিষয়ে প্রয়োজনীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- দ) সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ এবং রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট- বরাবর প্রেরণ; এবং
- ধ) কমিটির বিবেচনায় অন্য যে কোনো বিষয়।

০২। আইন ও বিচার বিভাগের মাধ্যমে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ করত: যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(মো: শাবিরুল ইসলাম)  
যুগ্মসচিব

ফোন: ৯৫১৪১৪৭

ইমেইল: ds\_cj@cabinet.gov.bd

### বিতরণ:

কমিটির সকল সদস্য (.....)।

### অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সচিব, জননিরাপত্তা বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/আইন ও বিচার বিভাগ।

৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

